দৈনিক ইনকিলাব

তারিখ 27 SEP 1987
পৃষ্ঠা 6 কলাম 3

009

## আগামী ২৫ ডিসেম্বর বাংলাদেশ মাদ্রাসা ছাত্র পুরস্কার সংস্থার পরীক্ষা

মাদ্রাসার ছাত্রদের লেখা-পড়ায় উৎসাহিত করার লক্ষ্যে 'বাংলাদেশ মাদ্রাসা ছাত্র পুরস্কার সংস্থা' নামে একটি সংস্থা গঠন করা হয়েছে। এ সংস্থার অধীন বৃহত্তর ঢাকা জেলার মাদ্রাসাসমূহের ৪র্থ, ৬ষ্ঠ ও ৭ম শ্রেণীতে মেধাভিত্তিক আকর্ষণীয় পুরস্কার ও সনদপত্র বিতরণের ব্যবস্থা রয়েছে। এ পরীক্ষা আগামী ২৫-১২-৮৭ ইং তারিখে অনুষ্ঠিত হবে। আগামী ১৫-১১-৮৭ পর্যন্ত পরীক্ষার ফি জমা নেয়া হবে।

এ ব্যাপারে বিস্তারিত জানার জন্য সচিব, বাংলাদেশ মাদ্রাসা ছাত্র পুরস্কার সংস্থা, মানিকদী ইসলামিয়া মাদ্রাসা, ঢাকা ক্যান্ট, ঢাকা-৬ অথবা টেলিফোন ৬০৪৪১৭, ৬০৬০২৭ ও ৬০০৫৭৩-তে যোগাযোগ করতে বলা হয়েছে। খবর প্রেস বিজ্ঞপ্তির।